বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা।
(পত্র বিনিময় শাখা)
www.supremecourt.gov.bd.

সার্কুলার নং- ০৯ জি, তারিখঃ ২৩ জ্যৈষ্ঠ ১৪২৪ বঙ্গাব্দ / ০৬ জুন ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়ঃ **বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের দেওয়ানী মামলা ব্যবস্থাপনা সংক্রান্ত।**

বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের প্রথম আপীল, প্রথম বিবিধ আপীল এবং সিভিল রিভিশন মামলা ব্যবস্থাপনা কার্যক্রম বিদ্যমান আইন ও বিধি বিধানের আলোকে যুগোপযোগী এবং আরো কার্যকর করার লক্ষ্যে নিম্নরুপ নির্দেশনা জারি করা হলোঃ-

১। প্রথম আপিল মামলা দায়ের কালে স্ট্যাম্প রিপোর্টার মেমো অব আপীল পরীক্ষান্তে উহার মূল্যমান, পক্ষদের নাম-ঠিকানা, ওকালতনাম, তামাদি এবং কোর্ট ফি'র পাশাপাশি প্রয়োজনীয় সকল পক্ষের বরাবর ইস্যুর নিমিত্ত রিকুইজিট দাখিল করা হয়েছে কিনা তৎমর্মে নিশ্চিত হয়ে সরাসরি প্রথম আপিল হিসেবে রেজিস্ট্রিভুক্ত করবেন। সংশ্লিষ্ট পক্ষ কর্তৃক মেমো অব আপিলের সাথে প্রয়োজনীয় রিকুইজিট সংযুক্ত করা না হলে তা' গৃহীত হবে না। প্রথম আপীল রেজিস্ট্রিভুক্ত না হলে অর্থাৎ Tender হলে ১৫(পনের) দিনের মধ্যে শাখা কর্তৃক এরূপ মামলা প্রয়োজনীয় আদেশের নিমিত্ত এখতিয়ার সম্পন্ন বেঞ্চে উপস্থাপন নিশ্চিত করতে হবে।

২। স্ট্যাম্প রিপোর্টারের নিকট First Miscellaneous Appeal Tender (FMAT) দাখিলের ০৭(সাত) দিনের মধ্যে সংশ্লিষ্ট পক্ষ বিষয়টি এখতিয়ার সম্পন্ন বেঞ্চে মেনশন না করলে স্ট্যাম্প রিপোর্টার শাখা মাননীয় প্রধান বিচারপতির অনুমোদন গ্রহণক্রমে এরূপ বিষয় শুনানী ও প্রয়োজনীয় আদেশের নিমিত্ত এখতিয়ার সম্পন্ন বেঞ্চে উপস্থাপন নিশ্চিত করবে। First Miscellaneous Appeal Tender (FMAT) বেঞ্চ কর্তৃক গৃহীত হওয়ার পর শাখায় নথি পৌছানোর ০৭(সাত) দিনের মধ্যে আপীলকারী পক্ষ প্রয়োজনীয় রিকুইজিট দাখিল না করলে শাখা কর্তৃক মাননীয় প্রধান বিচারপতির অনুমোদন গ্রহণক্রমে এরূপ মামলার শুনানী ও প্রয়োজনীয় আদেশের নিমিত্ত এখতিয়ার সম্পন্ন বেঞ্চে উপস্থাপন নিশ্চিত করতে হবে এবং রিকুইজিট দাখিল না করা পর্যন্ত কোনো আদেশের জাবেদা নকল প্রদান করা যাবে না।

৩। সিভিল রিভিশন এর ফাইল শাখায় গৃহীত হওয়ার ০৭(সাত) দিনের মধ্যে সংশ্লিষ্ট পক্ষ কর্তৃক প্রয়োজনীয় রিকুইজিট দাখিল করা না হলে শাখা কর্তৃক এরূপ মামলায় প্রয়োজনীয় আদেশের নিমিত্ত এখতিয়ার সম্পন্ন বেঞ্চে উপস্থাপন নিশ্চিত করতে হবে।

৪। আপিল দায়ের কালে আপিলকারী পক্ষ আবশ্যিকভাবে যথাযথ সাইজের খামে পক্ষদের নাম-ঠিকানা লিখে নোটিশ, মেমো অব আপিল, প্রয়োজনীয় স্ট্যাম্প দাখিল করবেন। শাখা কর্তৃক প্রতিপক্ষের বরাবর নোটিশ প্রেরণের পাশাপাশি যে সকল মামলায় নথি তলবযোগ্য সে সকল ক্ষেত্রে নথি তলব করতে হবে।

৫। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে

মাননীয় প্রধান বিচারপতির আদেশক্রমে,

০৬/০৬/১৭

**(আবু সৈয়দ দিলজার হোসেন)**
রেজিস্ট্রার
ফোনঃ ৯৫১৪৬৪৬
ই-মেইলঃ registrar-hcd@supremecourt.gov.bd

T. Hossain -A4 L.C.D Dell